গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং বিইআরসি/কমিশন সভা/প্রশা:২৪৮/২০১৭/৫৫৭০ তারিখ: ১৬ অক্টোবর ২০১৭

**বিষয়: ১৬১তম কমিশন সভার কার্যবিবরণী।**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ১৬১তম কমিশন সভা ১১ অক্টোবর ২০১৭ তারিখ বুধবার সকাল ১১:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান মনোয়ার ইসলাম সভায় সভাপতিত্বে করেন। সভার উপস্থিতি **পরিশিষ্ট "ক"**।

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রমিক নং (সিএম) | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১৬১/১ | **আলোচ্য বিষয়:** ১৬০তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।<br><br>**সিদ্ধান্ত :** ১৬০তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | |
| ১৬১/২ | **আলোচ্য বিষয়:** ১৬০তম কমিশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br><br>**সিদ্ধান্ত:** ১৬০তম কমিশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় সন্তোষ প্রকাশ করা হয় এবং প্রক্রিয়াধীন/অবাস্তবায়িত কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করা হয়। | সচিব এবং সংশ্লিষ্ট পরিচালকবৃন্দ |
| ১৬১/৩ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ১৩ (তের) টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br>**সিদ্ধান্ত :** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিয়োক্ত ১৩ (তের) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৫৫৬৮.৫ কি:ও:ক্ষমতাসম্পন্ন ডিজেল/গ্যাস ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ইস্যুর তারিখ হতে ৩ বছর মেয়াদে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের অনুমোদন প্রদান করা হয়:<br>১. ইউনিট্রেড ফ্যাশনস লিমিটেড [৪৩০/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮] এর অনুকূলে ২৮০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>২. নিপা নীটওয়্যার কোম্পানী [সেলিনা টাওয়ার, ৪, ইসলামবাগ, হলেন রোড, দক্ষিণখান, উত্তরা, ঢাকা-১২৩০] এর অনুকূলে ৩৩১কি:ও: (ডিজেলভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৫,০০০/- (পাঁচহাজার) টাকা;<br>৩. মেসি'স গার্মেন্টস লিমিটেড [হাউজ নং: ১৮-১৯, রোড: ০১, সেকশন: ০৬, ব্লক: খ, মিরপুর, ঢাকা-১২১৬] এর অনুকূলে ১৭৬কি:ও: (ডিজেলভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>৪. স্টার লাইট নীট ওয়্যারলিমিটেড ইউনিট-২[১২৩/১, উত্তর বেগুনবাড়ি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা] এর অনুকূলে ৮৪৩কি:ও: [৫৬৫ + ২৭৮] (ডিজেলভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>৫. আজাদ নীট কম্পোজিট টেক্সটাইল মিলস (প্রা:)লিমিটেড [ কুতুবাইল (কাঠের পুল), ফতুল্লা, নারায়ণগঞ্জ] এর অনুকূলে ৫৩৬ কি:ও: (ডিজেলভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>৬. জাইমা নীটওয়্যার লিমিটেড [হবিরবাড়ি, ভালুকা, ময়মনসিংহ] এর অনুকূলে ১২০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>৭. ডিএএল নীটওয়্যার লিমিটেড [প্লট নং: ১/২, ড. এম. এ. রশিদ রোড, আউচপাড়া (দক্ষিণ), টঙ্গী, গাজীপুর] এর অনুকূলে ৪৪০কি:ও:(ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>৮. এসপায়ার গার্মেন্টস লিমিটেড[৪৯১, ধল্লা, সিংগাইর, মানিকগঞ্জ] এর অনুকূলে ৪৩০কি:ও: [৪০০ + ৩০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৬,০০০/- (ছয় হাজার) টাকা।<br>৯. লিরিক ইন্ডাস্ট্রিজ (প্রা:)লিমিটেড [চা বাগান রোড, পূর্ব মৌচাক, কালিয়াকৈর, গাজীপুর-১৭৫১] এর অনুকূলে ৭০৪ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা; | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| | ১০. রহিম আফরোজ একিউমুলেটরস লিমিটেড [খাগান, বিরুলিয়া, আশুলিয়া, সাভার, ঢাকা] এর অনুকূলে ৮৪৪কি:ও:(ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>১১. জিনস কনসেপ্ট লিমিটেড [৩৭৩, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮] এর অনুকূলে ৪.৫ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>১২. ওয়েসিস ফ্যাশন লিমিটেড [৫৯১, গাছা রোড, বোর্ড বাজার, গাজীপুর] এর অনুকূলে ৫৪০কি:ও:[৩২০ + ২২০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>১৩. ডিভাইন ফ্যাশন (প্রা:)লিমিটেড [পশ্চিম শৈলডুবি, কাশিমপুর, গাজীপুর] এর অনুকূলে ৩২০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা। | |
| ১৬১/৪ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৭(সাত) টি প্রতিষ্ঠানের অনুকূলে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ৭(সাত) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৩৫৩৭.৬ কি:ও:ক্ষমতাসম্পন্ন ডিজেল ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ৩ বছর মেয়াদে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের অনুমোদন প্রদান করা হয়:<br>১. আলফা নীটিং ওয়্যার লিমিটেড [৮৮৮, শেওড়াপাড়া, বেগম রোকেয়া সরণী, মিরপুর, ঢাকা] এর অনুকূলে ২৬০কি:ও: এর পরিবর্তে ৬৪৮ কি:ও: (ডিজেলভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ১৭/০৫/২০১৫ হতে ১৬/০৫/২০১৮;<br>২. রাতুল ফ্যাব্রিকস লিমিটেড [জোহারসন্দা আশুলিয়া, সাভার, ঢাকা] এর অনুকূলে ৪৪০ কি:ও:হতে ২২০ কি:ও: বৃদ্ধিপূর্বক ৬৬০ কি:ও: [৪৪০ + ২২০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ১৪/০৭/২০১৬ হতে ১৩/০৭/২০১৯;<br>৩. ইয়ং সক্স লিমিটেড [শ্রীপুর, গণকবাড়ি, আশুলিয়া, সাভার, ঢাকা] এর অনুকূলে বিদ্যমান লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটে কর্পোরেট ঠিকানা "প্রাইম ভিউ এপার্টমেন্ট#৫০৪, প্লট: ৭, গুলশান এভিনিউ, গুলশান-১, ঢাকা-১২১২" হতে "র‍্যাংগস ব্যাবিলনিয়া ২৪৬, বীর উত্তম মীর শওকত সড়ক, ১০ তলা, ইউনিট: এ, তেজগাঁও, ঢাকা" তে পরিবর্তনপূর্বক এবং বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৬০০কি:ও: [৩৬০ (গ্যাস) + ২৪০ (ডিজেল)] এর পরিবর্তে ৮০০ কি:ও: [৩৬০ (গ্যাস) + ৪৪০ (ডিজেল)], ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ১৯/০৮/২০১৬ হতে ১৮/০৮/২০১৯;<br>৪. ইয়ং লেবেলস লিমিটেড [শ্রীপুর, গণকবাড়ি, আশুলিয়া, সাভার, ঢাকা]এর অনুকূলে বিদ্যমান লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটে কর্পোরেট ঠিকানা "হাউজ: ১৬৬, লেন: ০৩, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬" হতে "র‍্যাংগস ব্যাবিলনিয়া ২৪৬, বীর উত্তম মীর শওকত সড়ক, ১০ তলা, ইউনিট: এ, তেজগাঁও, ঢাকা" তে পরিবর্তনপূর্বক এবং বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ২৫২কি:ও: এর পরিবর্তে৫২০কি:ও: [২৮০ + ২৪০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ১৪/০২/২০১৭ হতে ১৩/০২/২০২০;<br>৫. টেক্সটিল ফ্যাশনস লিমিটেড [হোল্ডিং নং: ৬/১, প্লট নং: ১৬৮, ছয়দানা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪] এর অনুকূলে বিদ্যমান লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটে কর্পোরেট এবং ফ্যাক্টরীর ঠিকানা "হোল্ডিং নং: ১২০২, ভোগড়া, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর" হতে "হোল্ডিং নং: ৬/১, প্লট নং: ১৬৮, ছয়দানা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪" তে পরিবর্তনপূর্বক এবং বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৫১০কি:ও: এর পরিবর্তে৩৬৯.৬কি:ও: [৩৫২ + ১৭.৬](ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ১২/০৬/২০১৬ হতে ১১/০৬/২০১৯;<br>৬. রিয়াজুল অ্যাপারেলস (প্রা:) লিমিটেড [৩৭১-৩৭২, বিসিক কোনাবাড়ি, গাজীপুর] এর অনুকূলে বিদ্যমান লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটে ফ্যাক্টরীর ঠিকানা "৬৬, চিড়িয়াখানা রোড, সেকশন: ২, মিরপুর, ঢাকা-১২১৬" হতে "৩৭১-৩৭২, বিসিক কোনাবাড়ি, গাজীপুর" তে পরিবর্তনপূর্বক এবংবিদ্যমান বিদ্যুৎউৎপাদন ক্ষমতা অপরিবর্তীত ৪৪০কি:ও:[২২০+২২০] (ডিজেলভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ১৬/০৬/২০১৬ হতে ১৫/০৬/২০১৯; | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| | ৭. জেএইচ বাংলাদেশ লিমিটেড [দাগ নং: ৩৬৫, ৩৬৭ এবং ৩৭২, উত্তর গাজীরচট, গাজীরচট আলিয়া মাদ্রাসা, আশুলিয়া, সাভার, ঢাকা]এর অনুকূলে বিদ্যমান লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটে কর্পোরেট এবং ফ্যাক্টরীর ঠিকানা "১২০, তাজপুর, ইয়ারপুর, জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা" হতে "দাগ নং: ৩৬৫, ৩৬৭ এবং ৩৭২, উত্তর গাজীরচট, গাজীরচট আলিয়া মাদ্রাসা, আশুলিয়া, সাভার, ঢাকা" তে পরিবর্তনপূর্বক এবং বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৯১কি:ও: এর পরিবর্তে ১০০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ১,০০০/- (এক হাজার) টাকা, মেয়াদ: ০১/০২/২০১৭ হতে ৩১/০১/২০২০। | |
| ১৬১/৫ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৫(পাঁচ) টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:**<br>(ক) লাইসেন্স ফিস এর জন্য অঙ্গিকারনামা দাখিল ও নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির ১ (এক) বছর মেয়াদে নিম্নোক্ত ৪ (চার)টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ১১.৩৬৮ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য লাইসেন্সের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. আজিম এন্ড সন (প্রাঃ) লিমিটেড (ইউনিট-২), গাছা রোড, জয়দেবপুর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ গাছা রোড, জয়দেবপুর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.৩ মেগাওয়াট [৬৪০ কি.ও. (ডিজেল) + ৪৪০ কি.ও. (ডিজেল) + ২২০ কি.ও. (ডিজেল)]।<br><br>২. এমজি নীচ্ স্টিচ লিমিটেড, প্লট নং-৩৯২৯, ডুগরী, বাংলাবাজার, মির্জাপুর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ প্লট নং-৩৯২৯, ডুগরী, বাংলাবাজার, মির্জাপুর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ২.৪ মেগাওয়াট [১২০০ কি.ও. (ডিজেল) x ২]।<br><br>৩. ক্রাউন এক্সক্লুসিভ ওয়্যারস লিমিটেড, মাওনা, শ্রীপুর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ মাওনা, শ্রীপুর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ২.৩৭৬ মেগাওয়াট [১১০০ কি.ও. (ডিজেল) + ৫৭২ কি.ও. (ডিজেল)+ ৩৫২ কি.ও. (ডিজেল) x ২] ।<br><br>৪. সিলভার লাইন কম্পোজিট টেক্সটাইল মিলস লিমিটেড, সিলভার টাওয়ার (১৮ তলা), ৫২, গুলশান এভিনিউ, গুলশান-১, ঢাকা;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ বি.কে. বাড়ী, তালতলী, মনিপুর, মির্জাপুর বাজার, গাজীপুর সদর, গাজীপুর ;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ৫.২৯২ মেগাওয়াট [১৩৬৪ কি.ও. (গ্যাস) x ৩ + ১২০০ কি.ও. (গ্যাস)] ।<br><br>(খ) লাইসেন্স ফিস এর জন্য অঙ্গিকারনামা দাখিল ও নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির ১ (এক) বছর মেয়াদে নিম্নোক্ত প্রতিষ্ঠানকে ১.৪২২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য লাইসেন্সের প্রত্যাশা অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. কলম্বিয়া ওয়াশিং প্ল্যান্ট লিমিটেড, বানিয়ারচালা, মেম্বারবাড়ী, ভবানীপুর, গাজীপুর সদর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ বানিয়ারচালা, মেম্বারবাড়ী, ভবানীপুর, গাজীপুর সদর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.৪২২ মেগাওয়াট [১২০০ কি.ও. (ডিজেল) + ২২২ কি.ও. (ডিজেল)]। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| ১৬১/৬ | **আলোচ্য বিষয়: নিউ লাইন ক্লথিং লিমিটেড-এর অনুকূলে প্রদত্ত বিদ্যুৎ উৎপাদনের জন্য ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির লাইসেন্স বাতিল সম্পর্কে।**<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, নিউ লাইন ক্লোথিংস লিমিটেড, কৌচাকুরি, কামরাঙ্গিরচালা, মৌচাক, কালিয়াকৈর, গাজীপুর এর অনুকূলে ২০ অক্টোবর, ২০১৪ তারিখে ডিজেল ভিত্তিক ১.১৭২ মেঃওঃ [৯২ কি.ও. + ২৮০ কি.ও.+ ৮৮ কি.ও. + ৩৫২ কি.ও. + ৩৬০ কি.ও] ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স ইস্যু করা হয় যার মেয়াদ ১৯ অক্টোবর, ২০১৭ তারিখ পর্যন্ত বহাল আছে। প্রতিষ্ঠানটি ২৩/১০/২০১৬ তারিখে দাখিলকৃত পত্রে জানায় যে তাদের ২টি জেনারেটর (৯২ কি.ও. + ৮৮ কি.ও.= ১৮০ কি.ও.) দীর্ঘদিন যাবত নষ্ট অবস্থায় আছে। উক্ত জেনারেটর সমূহ বাদ দিলে প্রতিষ্ঠানটির বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা হয় ৯৯২ কি.ও. [ ২৮০ কি.ও.+ ৩৫২ কি.ও. + ৩৬০ কি.ও] যা ওয়েভার সার্টিফিকেট ক্যাটাগরির অন্তর্ভুক্ত হয়। তাই প্রতিষ্ঠানটি তাদের সিপিপি লাইসেন্সটি বাতিল করার আবেদন করেছে<br><br>**সিদ্ধান্ত :** নিউ লাইন ক্লোথিংস লিমিটেড, কৌচাকুরি, কামরাঙ্গিরচালা, মৌচাক, কালিয়াকৈর, গাজীপুর এর অনুকূলে ২০ অক্টোবর, ২০১৪ তারিখে ডিজেল ভিত্তিক ১.১৭২ মেঃওঃ [৯২ কি.ও. + ২৮০ কি.ও.+ ৮৮ কি.ও. + ৩৫২ কি.ও. + ৩৬০ কি.ও] ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রদত্ত সিপিপি ক্যাটাগরির লাইসেন্সটি বাতিলের প্রস্তাব অনুমোদন করা হয়। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৬১/৭ | **আলোচ্য বিষয়: ট্রায়ো সিন্ডিকেট এর অনুকূলে বিদ্যুৎ উৎপাদনের প্রদত্ত সিআইপিপি ক্যাটাগরির লাইসেন্স নবায়ন সম্পর্কে।**<br>**সিদ্ধান্ত :** ট্রায়ো সিন্ডিকেট, উকিয়া, কক্সবাজার কর্তৃক ১০,৬৪,০০০/- টাকার পে-অর্ডার, ১,৫৪,৮০০/- টাকা চালানের মাধ্যমে ব্যাংকে জমা প্রদানপূর্বক চালানের মূল কপি, হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর প্রত্যয়নপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট ও হালনাগাদ পরিবেশ ছাড়পত্রসহ প্রকল্পের সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন কমিশন বরাবর দাখিল করা সাপেক্ষে ০৮ জুলাই, ২০১৪ হতে ০৭ জুলাই, ২০১৮ মেয়াদে উইন্ড টারবাইন ভিত্তিক ৮ মেঃওঃ ক্ষমতার বিদ্যুৎ উৎপাদনের সিআইপিপি লাইসেন্স নবায়নের প্রস্তাব অনুমোদন করা হয়। **প্রতিষ্ঠানটিকে প্রকল্প বাস্তবায়নের চূড়ান্ত সময়সীমা কমিশন বরাবর দাখিল করতে হবে।** | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৬১/৮ | **আলোচ্য বিষয়: ইউনাইটেড পাওয়ার জেনারেশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, ইপিজেড, চট্টগ্রাম এর বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ১৩ মেঃওঃ বৃদ্ধি করে ৬৩ মেঃ ওঃ এর সংশোধিত লাইসেন্স প্রদান সম্পর্কে।**<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, ইউনাইটেড পাওয়ার জেনারেশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ এর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রটি চট্টগ্রাম ইপিজেড এলাকায় স্থাপিত। ৫০ মেঃওঃ ক্ষমতাসম্পন্ন বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্রটি কমিশন হতে গত ১২/০১/২০০৯ তারিখে লাইসেন্স প্রাপ্ত হয়, যার মেয়াদ ২৮/০৬/২০১৮ তারিখ পর্যন্ত বলবৎ আছে। কর্ণফুলি গ্যাস কোম্পানী লিঃ ১৩/৪/২০০৯ তারিখে ১০.৬৮ এমএমসিএফডি গ্যাস সরবরাহের অনুমোদন প্রদান করে এবং ৯/০৭/২০০৯ তারিখে সংযোগ প্রদান করে। ১৫/০৬/২০১৫ তারিখে প্রতিষ্ঠানটি ১৩ মেঃওঃ ক্ষমতা বৃদ্ধির জন্য কমিশন বরাবর আবেদন করে। ক্ষমতা বৃদ্ধির বিপরীতে পেট্রোবাংলা অতিরিক্ত ৪ এমএমসিএফডি গ্যাস বরাদ্দের ফলে মোট গ্যাসের পরিমাণ বর্তমানে ১৪.৬৮ এমএমসিএফডি।<br><br>অতিরিক্ত ৪ এমএমসিএফডি গ্যাস বরাদ্দের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক উপদেষ্টা মহোদয়ের নেতৃত্বে গঠিত নতুন গ্যাস সংযোগ ও লোড বৃদ্ধি বিষয়ক কমিটির অনুমোদন সংক্রান্ত প্রমানাদি কমিশনে প্রেরণের জন্য পেট্রোবাংলা বরাবর স্মারক নং বিইআরসি/পাওয়ার/সিআইপিপি/এল/০০৬(অংশ-২)/৩০৫৫ তারিখ: ১৩/০৬/২০১৭ এর মাধ্যমে পত্র প্রেরণ করা হয় তৎপ্রেক্ষিতে পেট্রোবাংলা কর্তৃক স্মারক নং ২৮.০২.০০০০.০৩৬.০১.০১২.১৭/BERC/৫২২ তারিখ: ২১/০৯/২০১৭ এর মাধ্যমে বিইআরসি-কে জবাব প্রদান করে। পত্রে অবগত করা হয় যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং ০৩.০৬৮.০১৮.০৪.০০.০০৪.২০১২-২৭৭ তারিখ: ২৫/০৪/২০১২ এর নির্দেশনা মোতাবেক পেট্রোবাংলার মতামতের পরিপ্রেক্ষিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ইউনাইটেড পাওয়ার জেনারেশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিঃকে অতিরিক্ত ৩-৪ এমএমসিএফডি গ্যাস সরবরাহের জন্য পেট্রোবাংলাকে নির্দেশনা প্রদান করে। সেপ্রেক্ষিতে ইউনাইটেড পাওয়ার জেনারেশন এন্ড ডিষ্টিবিউশন কোম্পানী লিঃকে অতিরিক্ত ৪ এমএমসিএফডি গ্যাস সরবরাহ করা হয়। পত্রে আরও উল্লেখ করা হয় যে, বিদ্যুৎ কেন্দ্র ও সার কারখানায় গ্যাস সংযোগের বিষয়টি পেট্রোবাংলার মতামতের ভিত্তিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে অনুমোদন করা হয়ে থাকে বিধায় চট্টগ্রাম ইপিজেডস্থ ইউনাইটেড পাওয়ার জেনারেশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিঃএর বিদ্যুৎ কেন্দ্রটি সেই সময়ে ক্ষুদ্র বিদ্যুৎ কেন্দ্র বিবেচনায় এর অনুকূলে ৩-৪ এমএমসিএফডি গ্যাস সরবরাহের বিষয়টি মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক উপদেষ্টা মহোদয়ের নেতৃত্বে গঠিত নতুন গ্যাস সংযোগ ও লোড বৃদ্ধি বিষয়ক কমিটিতে উপস্থাপন করা হয়নি। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| | পেট্রোবাংলার স্মারক নং ৪১.০১.১৪/ তারিখ: ০৭/৬/২০১২ এর পত্রের ২য় প্যারায় উল্লেখ করা হয়: মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বেপজা গভর্নর বোর্ডের ৩২তম সভায় ইউপিজিডিসিএল কর্তৃক ঢাকা ও চট্টগ্রামে স্থাপিত ৪১ ও ৪৪ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র দু'টি ১০০ মেঃওঃ এ উন্নীত করার প্রস্তাব উত্থাপিত হয়। এবিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী আলোচনাকালে অভিমত ব্যক্ত করেন যে, বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন ক্ষমতা বৃদ্ধির বিষয়ে কোন আপত্তি নেই। তবে গ্যাস প্রাপ্যতার বিষয়ে নিশ্চয়তা প্রদান করা এ মুহূর্তে সম্ভব নয়।<br><br>চট্টগ্রাম ইপিজেডস্থ ইউনাইটেড পাওয়ার জেনারেশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিঃএর বর্তমানে চালু ৬৩ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদনের বিপরীতে বরাদ্দকৃত গ্যাসের পরিমাণ ১৪.৬৮ এমএমসিএফডি। সে হিসেবে প্রতি ইউনিট বিদ্যুৎ উৎপাদনে গ্যাসের পরিমাণ ৯.৭১ সিএফটি অর্থাৎ বিদ্যুৎ কেন্দ্রের দক্ষতা প্রায় ৩৭%। চুক্তি অনুযায়ী প্রতিষ্ঠানটির উৎপাদিত বিদ্যুৎ বিউবো ও চট্টগ্রামস্থ ইপিজেড এ সরবরাহ করা হচ্ছে। প্রতিষ্ঠানটির নিজস্ব কোন শিল্প কারখানায় উৎপাদিত বিদ্যুৎ ব্যবহার করা হচ্ছে না।<br><br>সম্প্রতি অডিট আপত্তির প্রেক্ষিতে বাংলাদেশ গ্যাস আইন ২০১০ এর ধারা ৬ এ বর্ণিত গ্যাস ব্যবহাকারীগণের শ্রেণীতে বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্রসমূহের জন্য পৃথক একটি নতুন শ্রেণী যুক্ত করা প্রয়োজন বলে কমিশন মনে করে এবং বিদ্যুৎ উৎপাদনের জন্য কমার্শিয়াল ইনডিপেনডেন্ট পাওয়ার প্রডিউসার (সিআইপিপি) ক্যাটাগরির জন্য ভবিষ্যতে কোন নতুন ট্যারিফ নির্ধারণ করা হলে তা ইউনাইটেড পাওয়ার জেনারেশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিঃ এর ক্ষেত্রেও প্রয়োজ্য হবে এরূপ শর্ত আরোপে সভায় একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:**<br>(ক) ইউনাইটেড পাওয়ার জেনারেশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিঃ, ইপিজেড, চট্টগ্রাম এর বিদ্যমান ৫০ মেঃওঃ ক্ষমতার অতিরিক্ত ১৩ মেঃওঃ ক্ষমতা বৃদ্ধি করে ৬৩ মেঃওঃ ক্ষমতার সিআইপিপি বিদ্যুৎ উৎপাদন সংশোধিত লাইসেন্স প্রদানের প্রস্তাব নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনুমোদন করা হয়:<br><br>(১) বাংলাদেশ গ্যাস আইন ২০১০ এর ধারা ৬ এ বর্ণিত গ্যাস ব্যবহাকারীগণের শ্রেণীতে কমার্শিয়াল ইনডিপেনডেন্ট পাওয়ার প্রডিউসার (সিআইপিপি) এর জন্য ভবিষ্যতে নতুন স্বতন্ত্র গ্রাহক শ্রেণী প্রবর্তন করা হলে এবং উক্ত গ্রাহক শ্রেণীর জন্য পৃথক ট্যারিফ নির্ধারণ করা হলে তা ইউনাইটেড পাওয়ার জেনারেশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিঃ এর ক্ষেত্রে প্রযোজ্য হবে;<br><br>(খ) বাংলাদেশ গ্যাস আইন ২০১০ এর ধারা ৬ এ বর্ণিত গ্যাস ব্যবহাকারীর শ্রেণীতে বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্রসমূহের (সিআইপিপি)জন্য নতুন একটি শ্রেণী যোগ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | |
| ১৬১/৯ | **আলোচ্য বিষয়:** 'মেসার্স তিতাস ফিলিং স্টেশন'- এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** লাইসেন্স ফিস বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ও এ সংক্রান্ত অঙ্গীকারনামা দাখিলকরণ সাপেক্ষে 'মেসার্স তিতাস ফিলিং স্টেশন' (কোনাবাড়ী, জয়দেবপুর, গাজীপুর)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়। | পরিচালক (গ্যাস) |
| ১৬১/১০ | **আলোচ্য বিষয়:** 'মেসার্স গুডলাক সিএনজি কর্পোরেশন'-এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে অঙ্গীকারনামা দাখিল করার শর্তে 'মেসার্স গুডলাক সিএনজি কর্পোরেশন' ( ১, তাতী কালিয়ানী বাস স্ট্যান্ড, মানিকগঞ্জ)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়। বিষয়টি পরবর্তী উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (গ্যাস) |
| ১৬১/১১ | **আলোচ্য বিষয়:** 'রাহমা সিএনজি ফিলিং স্টেশন'-এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে লাইসেন্স ফিস ও এ সংক্রান্ত অঙ্গীকারনামা দাখিল করার শর্তে 'রাহমা সিএনজি ফিলিং স্টেশন' (রহিমপুর, বিশ্বরোড, আদর্শ সদর, কুমিল্লা)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ কার্যক্রম | পরিচালক |

| | | |
|---|---|---|
| | পরিচালনার জন্য লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়। | (গ্যাস) |
| ১৬১/১২ | **আলোচ্য বিষয়:** 'শামান্তা মোবাইল সিএনজি ফিলিং স্টেশন লি:' -এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে লাইসেন্স ফিস ও এ সংক্রান্ত অঙ্গীকারনামা দাখিল করার শর্তে 'শামান্তা মোবাইল সিএনজি ফিলিং স্টেশন লি:' (খুরুলিয়া বাজার, ঝিলংঝা, কক্সবাজার)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়। বিষয়টি পরবর্তী উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (গ্যাস) |
| ১৬১/১৩ | **আলোচ্য বিষয়:** 'নাভানা এলপিজি লিমিটেড'-এর অনুকূলে এলপি গ্যাস মজুদকরণ, বোতলজাতকরণ, বিপণন ও বিতরণের জন্য লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** : লাইসেন্স ফিস বাবদ ১৮,০০,০০০/-(আঠার লক্ষ) টাকার পে-অর্ডার ও প্রযোজ্য ভ্যাট চালানের মূল কপি দাখিল সাপেক্ষে 'নাভানা এলপিজি লিমিটেড' (বিদ্যারবাহন, দ্বীগরাজ, মংলা, বাগেরহাট)-এর অনুকূলে এলপি গ্যাস মজুদকরণ, বোতলজাতকরণ, বিতরণ ও বিপণনের জন্য ৬ (ছয়) মাস মেয়াদে (১১/১০/২০১৭ হতে ১০/০৪/২০১৮ তারিখ পর্যন্ত) সাময়িক লাইসেন্স প্রদানের প্রস্তাবের প্রত্যাশা অনুমোদন করা হয়। | পরিচালক (গ্যাস) |
| ১৬১/১৪ | **আলোচ্য বিষয়:** 'এনার্জিপ্যাক পাওয়ার জেনারেশন লি:'-এর অনুকূলে এলপি গ্যাস মজুদকরণ, বোতলজাতকরণ, বিপণন ও বিতরণের জন্য প্রদত্ত সাময়িক লাইসেন্সের ভূতাপেক্ষ অনুমোদন প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত** : 'এনার্জিপ্যাক পাওয়ার জেনারেশন লি:' (চুনকুড়ি, দাকোপ, খুলনা)-এর অনুকূলে এলপি গ্যাস মজুদকরণ, বোতলজাতকরণ, বিতরণ ও বিপণনের জন্য বাই-সার্কুলেশনে প্রদত্ত ৩ (তিন) মাস মেয়াদে (২৮/০৯/২০১৭ হতে ২৭/১২/২০১৭ তারিখ পর্যন্ত) সাময়িক লাইসেন্সটি ভূতাপেক্ষ অনুমোদন করা হয়। | পরিচালক (গ্যাস) |
| ১৬১/১৫ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য ৮(আট) টি প্রতিষ্ঠানের অনুকূলে সাময়িক লাইসেন্স প্রদান ও পরবর্তীতে উন্মুক্ত সভায় উপস্থাপনের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে ও লাইসেন্স ফিস পরিশোধ করার শর্তে নিম্নবর্ণিত ৮(আট)টি প্রতিষ্ঠানের অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য লাইসেন্স প্রদানের অনুমোদন প্রদান করা হয় এবং বিষয়টি পরবর্তী উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে।<br><br>১. ই এস এনার্জি এন্ড পাওয়ার (প্রাঃ) লিঃ; নুর জাহান নীড়, গ-৬২, মধ্যবাড্ডা, ঢাকা-১২১২;<br>প্রকার: মজুদকরণ ও বিপণন/বিতরণ;<br>মজুদাগারের ঠিকানা: মৌজাঃ কাইছ্ছুটি, চৌদ্দগ্রাম, কুমিল্লা;<br>বার্ষিক চাহিদা: Bitumen (60/70): 11,925 M.T; Bitumen (80/100): 3,975 M.T;<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা;<br>বিপণন/বিতরণ ফিস: প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে;<br>মেয়াদ: ইস্যুর তারিখ হতে ১(এক) বছর।<br><br>২. মেসার্স এইচ.এম ট্রিমস, শিমলা হাউজ (২য় তলা), ১৪৬/এ, সালেহ আহমেদ চেয়ারম্যান রোড, বাদামতলী, চট্টগ্রাম;<br>প্রকার: মজুদকরণ ও বিপণন/বিতরণ;<br>মজুদাগারের ঠিকানা: মৌজাঃ জয়পুর, উপজেলাঃ দাউদকান্দি, জেলাঃ কুমিল্লা;<br>বার্ষিক চাহিদা: Bitumen (80/100): 5,500 M.T; Bitumen(60/70): 2,000 M.T; Bitumen Emulsion: 500 M.T;<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা;<br>বিপণন/বিতরণ ফিস: প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে;<br>মেয়াদ: ইস্যুর তারিখ হতে ১(এক) বছর।<br><br>৩. এশিয়ান পেইন্টস (বাংলাদেশ) লিঃ, প্লট নং-৩১৭ এবং ৭৫৭, বাহাদুরপুর, গাজীপুর, ঢাকা;<br>প্রকার: মজুদকরণ; | পরিচালক (পেট্রোলিয়াম) |

মজুদাগারের ঠিকানা: বাহাদুরপুর, ৩১৭, ৩৫৭, গাজীপুর;
বার্ষিক চাহিদা: Ethylene Glycol: 46,385 kg; Propylene Glycol: 11,296 kg; Stearic Acid: 3,754 kg; N Butanol: 6,751 kg; Lithium Stearate: 1,474 kg; Butyl; Acetate: 34,054 kg; Triethylene Glycol:1,469 kg; MIBK: 13,376 kg; Mineral Turpentine (MTT): 10,12,000 kg; Xylene Mixed:79,581kg; Kerosene: 20,634 kg; Toluene: 2,866 kg ; Diesel:1,20,000 liter
লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা;
মেয়াদ: ইস্যুর তারিখ হতে ১(এক) বছর।

৪. সিলভান টেকনোলোজিস লিমিটেড, প্রান-আর এফ এল সেন্টার, ১০৫ মধ্য বাড্ডা, ঢাকা-১২১২;
প্রকার: মজুদকরণ;
মজুদাগারের ঠিকানা: অলীপুর, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ;
বার্ষিক চাহিদা: Transformer Oil: 13,30,000 liter ;
লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা;
মেয়াদ: ইস্যুর তারিখ হতে ১(এক) বছর।

৫. ভিকার ইলেকট্রিকালস লিমিটেড, ট্রপিক্যাল আলাউদ্দিন টাওয়ার (৮ম তলা), ইউনিট-৭/ই, প্লট নং-৩২/সি, রোড নং-০২, সেক্টর-৩, উত্তরা, ঢাকা-১২৩০;
প্রকার: মজুদকরণ;
মজুদাগারের ঠিকানা: মৌজাঃ লোহাগাছ, উপজেলাঃ শ্রীপুর, জেলাঃ গাজীপুর;
বার্ষিক চাহিদা: Transformer Oil (transol IEC-296 class-1): 15,24,000 liter
লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা;
মেয়াদ: ইস্যুর তারিখ হতে ১(এক) বছর;

৬. ই এন আই কর্পোরেশন, [৫৮ কবি নজরুল ইসলাম রোড (২য় তলা), ফিরিঙ্গি বাজার, চট্টগ্রাম;
প্রকার: মজুদকরণ এবং বিপণন/বিতরণ;
মজুদাগারের ঠিকানা: মৌজাঃ ধউর, থানাঃ তুরাগ, জেলাঃ ঢাকা;
বার্ষিক চাহিদা: Automotive Engine Oil (SAE-30,40,50,15W40,20W50): 685 M.T, Motor Cycle Oil (10W50,10W40SL,MA2): 33 M.T, Railway crankcase Oil (SAE-30,40,50): 110 M.T, Marine Engine Oil (SAE-30,40,50): 115 M.T, Natural Gas Engine Oil (SAE-40): 153 M.T, Hydraulic Oil (VG-32,46,68,100,150,220): 70 M.T, Gear Oil (GL-4/5): 29 M.T, Compressor Oil (ISO VG-46,68,100,150): 75 M.T, Turbine Oil (SAE-32,46): 45M.T, Industrial Oil: 485 M.T, Grease: 50 M.T, Transformer Oil: 260 M.T
লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা;
বিপণন/বিতরণ ফিস: প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে;
মেয়াদ: ইস্যুর তারিখ হতে ১(এক) বছর।

৭. এনার্জি রিসোর্সেস বিডি, ৩/২ ফোল্ডার ষ্ট্রিট, ওয়ারি, ঢাকা;
প্রকার: মজুদকরণ এবং বিপণন/বিতরণ ;
মজুদাগারের ঠিকানা: মৌজাঃ ওয়ারী, থানাঃ ওয়ারী, ঢাকা;
বার্ষিক চাহিদা: Engine Oil (5W40,10W30,15W40,20W40/50): 80,000 Liter, Gear Oil (140/150/220/320/85W140/80W90): 20,000 liter, Hydraulic Oil, Compressor Oil (32/46/68/100/150/220/320): 10,000 liter, Thermal Oil, Transformer Oil (32/100): 7,000 liter, Coolant, Grease (AP/NP-2/MP-3): 8,000 liter, Liquid Paraffin: 15,000 liter
লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ৬০,০০০/- (ষাট হাজার) টাকা;
বিপণন/বিতরণ ফিস: প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে;
মেয়াদ: ইস্যুর তারিখ হতে ১(এক) বছর।

| | | |
|---|---|---|
| | ৮. তাহসিনা এন্টারপ্রাইজ, ৭ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা;<br>প্রকার: মজুদকরণ এবং বিপণন/বিতরণ;<br>মজুদাগারের ঠিকানা: মৌজাঃ কাজীরবাগ, থানাঃ যাত্রাবাড়ি, জেলাঃ ঢাকা;<br>বার্ষিক চাহিদা: Engine Oil (20W50): 1,80,000 Litres, Gear Oil (SAE-140): 5,000 Litres, Brake Oil (DOT-3): 5,000 Litres, Grease (LTC): 10,000 Litres, Total: 2,00,000 liter;<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ৬০,০০০/- (ষাট হাজার) টাকা;<br>বিপণন/বিতরণ ফিস: প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে;<br>মেয়াদ: ইস্যুর তারিখ হতে ১(এক) বছর। | |
| ১৬১/১৬ | **আলোচ্য বিষয়:**পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য ৭(সাত) টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধনের অনুমোদন সম্পর্কে।<br>**সিদ্ধান্ত:** পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/মজুদকরণ/বিপণন/বিতরণ এর জন্য নিম্নবর্ণিত ৭(সাত) টিপ্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধনের অনুমোদন করা হয়:<br>১. এডেক্স ইঞ্জিনিয়ারিং লিঃ, বায়তুল আবেদ (৪র্থ তলা), ৫৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০;<br>প্রকারঃ মজুদকরণ;<br>মজুদাগার: মৌজাঃ পশ্চিম ডগরি, উপজেলাঃ গাজীপুর সদর, জেলাঃ গাজীপুর;<br>চাহিদাঃ ট্রান্সফরমার অয়েলঃ ৪,০০,০০০ লিটার হতে ৬,২৫,০০০ লিটার বৃদ্ধি;<br>মেয়াদঃ ২৩/০২/২০১৭ হতে ২২/০২/২০১৯ পর্যন্ত;<br>সংশোধন ফিস: - ৫,০০০/- টাকা।<br>২. ইসিপিভি চট্টগ্রাম লিঃ, রহমান রেগনাম সেন্টার, প্লট-১৯১/বি (৪র্থ তলা), তেজগাঁও, গুলশান লিংক রোড, তেজগাঁও আই/এ, ঢাকা-১২০৮;<br>প্রকারঃ মজুদকরণ;<br>মজুদাগার: মৌজাঃ কলাগাঁও, থানাঃ পটিয়া, জেলাঃ চট্টগ্রাম;<br>চাহিদাঃ ফার্নেস অয়েলঃ ১,১০,৯০০ মেঃটন, ডিজেলঃ ৫,০০,০০০ লিটার এবং লুব্রিকেটিং অয়েলঃ ৫,৪০,০০০ লিটার;<br>মেয়াদঃ ২৫-০৯-২০১৭ হতে ২৪-০৯-২০১৮ পর্যন্ত;<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিসঃ ১,০০,০০০/-, সংশোধন ফিসঃ ৫,০০০/-<br>৩. ওরিয়ন অয়েল এন্ড শিপিং লিমিটেড, ১৫৩-১৫৪ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮;<br>প্রকারঃ বিতরণ;<br>চাহিদাঃ ডাচ্-বাংলা পাওয়ার এন্ড এসোসিয়েটস্ লিঃ এ ০১/০১/২০১৭ হতে ৩১/১২/২০১৭ মেয়াদে ১,৩০,০০০ মে.টন, ওরিয়ন পাওয়ার মেঘনাঘাট লিঃ এ ০১/০১/২০১৭ হতে ৩১/১২/২০১৭ মেয়াদে ১,৩০,০০০ মে.টন, ও ডিজিটাল পাওয়ার এন্ড এসোসিয়েটস লিঃ এ ১২/০২/২০১৭ হতে ১১/০২/২০১৮ মেয়াদে ১,৩৫,০০০ মেঃটন ফার্নেস অয়েল;<br>বিতরণের জন্য বার্ষিক সিস্টেম পরিচালন লাইসেন্স ফিস: ১৫,০০,০০০/- (পনের লক্ষ টাকা);<br>সংশোধন ফিসঃ ৫,০০০/-<br>৪. আল-তাজ মার্কেটিং কোম্পানী, ৮৪ সিডিএ এভিনিউ, মুরাদপুর, চট্টগ্রাম;<br>প্রকারঃ মজুদকরণ এবং বিপণন/বিতরণ;<br>মজুদাগার: ৮৮/বি, জাঙ্গালপাড়া, আতুরার ডিপো, পাঁচলাইশ, চট্টগ্রাম;<br>চাহিদাঃ লুব্রিকেটিং অয়েলঃ ১,৫০,০০০ লিটার, গীয়ার অয়েলঃ ১,০০,০০০ লিটার, গ্রীজঃ ৮০,০০ লিটার, লিকুইড প্যারাফিনঃ ৮,৩০,০০০ লিটার, হেভী প্যারাফিনঃ ৫০,০০০ লিটার, ট্রান্সফরমার অয়েলঃ ১,০০,০০০ লিটার, পেট্রোলিয়াম জেলীঃ ৫০,০০০ লিটার এবং বিটুমিনঃ ৫০০ মেঃটন পুনর্বিন্যাস<br>মেয়াদঃ ১৩/০৬/২০১৬ হতে ২২/০৬/২০১৮ পর্যন্ত;<br>সংশোধন ফিস: - ৫,০০০/- টাকা।<br>৫. বাংলাদেশ হাউজ ইন্টারন্যাশনাল, হাউজ-০৩ (৬ষ্ঠ তলা), রোড নং-০৭, ব্লক-এফ, বনানী, ঢাকা-১২১৩;<br>প্রকারঃ মজুদকরণ এবং বিপণন/বিতরণ; | পরিচালক (পেট্রোলিয়াম) |

| | | |
|---|---|---|
| | মজুদাগার: মৌজাঃ ব্রাহ্মনবাগা, জামপুর ইউনিয়ন, উপজেলাঃ সোনারগাও, নারায়নগঞ্জ;<br>চাহিদাঃ ইঞ্জিন অয়েলঃ ২,৮৬০ মেঃটন, গীয়ার অয়েল, এটিএফ,সিভিটি,ইন্ডাষ্ট্রিয়াল গীয়ার অয়েল,ব্রেক অয়েল,ইঞ্জিন কুলেন্ট,রেফ্রিজারেশন অয়েল,হাইড্রোলিক অয়েল, টারবাইন অয়েলঃ ৬৭২ মেঃটন, ট্রান্সফরমার অয়েলঃ ৩৪০ মেঃটন, গ্রীজঃ ৯৬ মেঃটন;<br>মেয়াদঃ ০৯/১০/২০১৬ হতে ০৮/১০/২০১৮ পর্যন্ত;<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা;<br>বিপণন/বিতরণ ফিস: (প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে);<br>সংশোধন ফিস: - ৫,০০০/- টাকা।<br><br>৬. মেহেদি কেমিক্যালস, বটতলী, চরগলগলিয়া, বাস্তা, দক্ষিন কেরাণীগঞ্জ, ঢাকা;<br>প্রকারঃ মজুদকরণ এবং বিপণন/বিতরণ;<br>মজুদাগার: মৌজা-চর গোলগোলিয়া, থানা-দক্ষিণ কেরানীগঞ্জ, ঢাকা;<br>চাহিদাঃ লিকুইড প্যারাফিনঃ ৭৩০ মেঃটন, প্যারাফিন ওয়াক্সঃ ১০০ মেঃটন এবংপেট্রোলিয়াম জেলীঃ ১৪০ মেঃটন,<br>মেয়াদঃ ২৪/০২/২০১৬ হতে ০৩/০২/২০১৮ পর্যন্ত;<br>সংশোধন ফিস: - ৫,০০০/- টাকা।<br><br>৭. লামিসা কেমিক্যাল, ১৮/১ আরমানিয়ান ষ্ট্রীট, আরমানিটোলা, ঢাকা-১১০০;<br>প্রকারঃ মজুদকরণ এবং বিপণন/বিতরণ;<br>মজুদাগার: মৌজাঃ চরগলগলিয়া, থানাঃ কেরাণীগঞ্জ, ঢাকা;<br>চাহিদাঃ লিকুইড প্যারাফিনঃ ৬৩৫ মেঃটন, পুনর্বিন্যাস;<br>মেয়াদঃ ১৫/১২/২০১৫ হতে ১৪/১২/২০১৭ পর্যন্ত;<br>লাইসেন্স ফিস: নবায়ন মজুদকরণ ফিস ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা বার্ষিক;<br>বিপণন/বিতরণ ফিস: প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে;<br>সংশোধন ফিস: - ৫,০০০/- টাকা। | |
| ১৬১/১৭ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণের লাইসেন্সের আবেদন নিষ্পত্তির লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অনুমোদন সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয়, পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণের লাইসেন্সের জন্য ২০০৮ হতে ২০১১ সালের মধ্যে আবেদনকারী ৩৪টি প্রতিষ্ঠানকে অনেকবার ঘাটতি কাগজপত্র/ফিস দাখিলের জন্য তাগিদপত্র দেওয়া হলেও সাড়া না দেওয়ায় প্রতিষ্ঠানসমূহ বরাবরে আবেদন নিষ্পত্তির লক্ষ্যে প্রেরিত পত্রের প্রেক্ষিতে আয়োজিত সভায় ৩৪টি প্রতিষ্ঠানের মধ্যে ৭টি প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারী ৬টি প্রতিষ্ঠান ঘাটতি কাগজপত্র/ফিস দাখিল পূর্বক লাইসেন্স গ্রহণের বিষয়ে আগ্রহ প্রকাশ করে এবং আগামী ১২/০৯/২০১৭ তারিখের মধ্যে ঘাটতি কাগজপত্র/ফিস দাখিলের জন্য সময় দেওয়া হয়। ১ টি প্রতিষ্ঠানের (শাপলা রং বিপনী, ২৬৭/১ নওয়াবপুর রোড, ঢাকা-১১০০) প্রতিনিধি ব্যবসা করবে না বলে অবহিত করে। ২৭ (সাতাশ) টি প্রতিষ্ঠান অনুপস্থিত থাকায় এবং একটি প্রতিষ্ঠান ব্যবসা করবে না মর্মে অবহিত করায় মোট ২৮ (আটাশ) টি প্রতিষ্ঠানের আবেদনসমূহ স্থগিত রাখার বিষয়ে উক্ত সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। বর্ণিত সভার সিদ্ধান্ত অনুমোদনের বিষয়ে একমত পোষণ করা হয়।<br><br>উপস্থাপিত ২৮ (আটাশ)টি প্রতিষ্ঠানের পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণের লাইসেন্সের জন্য আবেদনসমূহ নথিভুক্ত করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** সভায় উপস্থাপিত ২৮ (আটাশ)টি প্রতিষ্ঠানের পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণের লাইসেন্সের জন্য আবেদনসমূহ নথিভুক্ত করার সিদ্ধান্ত গৃহিত হয় (পরিশিষ্ট-খ)। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| ১৬১/১৮ | **আলোচ্য বিষয়:** চট্টগ্রামের শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর হতে প্রাপ্ত পত্রের মাধ্যমে মিথ্যা ঘোষনায় পেট্রোলিয়ামজাত পণ্য আমদানির নামে বিশাল অংকের শুল্ক কর ফাঁকি সংক্রান্ত অভিযোগের বিষয়ে প্রাপ্ত পত্রের পরিপ্রেক্ষিতে পরবর্তী করণীয় নির্ধারণ সম্পর্কে।<br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, চট্টগ্রামের শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর গত ১৩/০৯/২০১৭ তারিখে পত্রের মাধ্যমে জানায় যে, মিথ্যা ঘোষনায় পেট্রোলিয়ামজাত পণ্য আমদানির নামে বিশাল অংকের শুল্ক ফাঁকি দিচ্ছে এমন | পরিচালক |

| | | |
|---|---|---|
| | ১৫ টি প্রতিষ্ঠানের নামে ছক মোতাবেক তথ্য প্রেরণের জন্য অনুরোধ জানায়।<br><br>পত্রের ২নং অনুচ্ছেদে উল্লেখ করা হয়, বর্ণিত প্রয়োজনীয় যোগ্যতা না থাকা সত্তেও শত শত লাইসেন্স ইস্যু, ভুয়া লাইসেন্স, লাইসেন্স প্রাপ্যতা বহির্ভূত মিথ্যা ঘোষনায় চট্টগ্রাম কাস্টম হাউস/চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অবৈধ সহযোগিতায় বিভিন্ন পেট্রোলিয়ামজাত পণ্য (লিকুইড প্যারাফিন, লুববেস অয়েল, প্যারাফিন ওয়াক্স, পেট্রোলিয়াম জেলী) আমদানি করে জ্বালানী নিরাপত্তায় হুমকী সৃষ্টি, বিশাল অংকের শুল্ক-কর ফঁকি, মানি লন্ডারিং অভিযোগের ওপর সুষ্ঠু তদন্তের স্বার্থে বর্ণিত ১৫ টি প্রতিষ্ঠানের তথ্যের প্রয়োজন।<br><br>**সিদ্ধান্ত:** চট্টগ্রামের শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক চাহিদ তথ্যাদি প্রেরণের প্রস্তাব অনুমোদন করা হয়। | (পেট্রোলিয়াম) |
| ১৬১/১৯ | **আলোচ্য বিষয়:** গ্যাসের মূল্যহার পরিবর্তন করে ২০ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে জারিকৃত আদেশের বিষয়ে দায়েরকৃত রীট পিটিশন নং ২৭/৩১/২০১৭ এর আদেশ বাস্তবায়ন সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, ভোক্তাপর্যায়ে গ্যাসের মূল্যহার ভারিত গড়ে ২২.৭% বৃদ্ধি করে ২০ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে কমিশন কর্তৃক জারীকৃত গণবিজ্ঞপ্তি নং-বিইআরসি/ট্যারিফ/গ্যাস-১২/সঞ্চালন ও বিতরণ/অংশ-১/০৭৮৫ (পতাকা-ক) এর বৈধতা চ্যালেঞ্জ করে কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-২৭৩১/২০১৭ দায়ের করা হয়।<br><br>৩০ জুলাই ২০১৭ তারিখে মাননীয় বিচারপতি জিনাত আরা এবং মাননীয় বিচারপতি কাজী মোঃ ইজারুল হক আকন্দ এর সমন্বয়ে গঠিত মাননীয় হাইকোর্ট বেঞ্চ হাইকোর্ট কর্তৃক এ বিষয়ে ২৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে ইস্যুকৃত রুলটি আংশিক চূড়ান্ত করে নিম্নোক্ত আদেশ প্রদান করেঃ<br><br>(ক) গণবিজ্ঞপ্তির ৮ নং ক্রমিকে বর্ণিত গৃহস্থালী শ্রেণিতে গ্যাস ব্যবহারের ক্ষেত্রে ১ মার্চ ২০১৭ তারিখ হতে কার্যকর মূল্যহার ১ আগস্ট ২০১৭ হতে আদায় করতে হবে;<br>(খ) জুন ও জুলাই ২০১৭ মাসে গৃহস্থালী শ্রেণিতে ১ জুন ২০১৭ হতে নির্ধারিত মূল্যহার কার্যকরের ফলে আদায়কৃত অর্থ গ্রাহকদের ফেরত দিতে হবে না; এবং<br>(গ) এ রায়ের ফলে গৃহস্থালী শ্রেণির মূল্যহার গণবিজ্ঞপ্তির মাধ্যমে ভোক্তাদের অবহিত করতে হবে।<br><br>মাননীয় হাইকোর্টের পূর্ণাঙ্গ আদেশ ইতোমধ্যে প্রকাশিত হয়েছে, যার একটি অনুলিপি ১৬ আগস্ট ২০১৭ তারিখে ক্যাব এর মাধ্যমে কমিশনে পাওয়া যায়। তবে কমিশন কর্তৃক পূর্ণাঙ্গ আদেশের প্রত্যায়িত অনুলিপি এখনও উত্তোলন করা হয়নি। উক্ত পূর্ণাঙ্গ আদেশে মাননীয় হাইকোর্ট কর্তৃক কমিশনকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রদান করা হয়ঃ<br><br>(ক) ভবিষ্যতে কমিশন জাতীয় সংসদ কর্তৃক পাশকৃত আইন এবং উক্ত আইনের আওতায় প্রণিত বিতরণ প্রবিধানমালা যথাযথভাবে অনুসরণ করবে;<br>(খ) কমিশন (IOC গ্যাসের SD ও VAT) বিষয়টি ন্যায্য এবং নিরপেক্ষভাবে (fairly and impartially) দেখবে; এবং<br>(গ) গ্যাসের অপচয় রোধকল্পে সকল গৃহস্থালী ভোক্তাশ্রেণির জন্য প্রি-পেইড মিটারভিত্তিক বিলিং ব্যবস্থা চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>মাননীয় হাইকোর্ট বেঞ্চ কর্তৃক ৩০ জুলাই ২০১৭ তারিখে প্রদত্ত আদেশসমূহ এ বর্ণিত আদেশসমূহ ইতোমধ্যে বাস্তবায়ন করে ৩১ জুলাই ২০১৭ তারিখে আদেশ # ২০১৭/০৮ এবং এতদসংক্রান্ত গণবিজ্ঞপ্তি জারী করা হয়েছে।<br><br>আলোচনান্তে, মাননীয় হাইকোর্টের আদেশসমূহ ইতোমধ্যে কমিশন বাস্তবায়ন করায় এ বিষয়ে কমিশন কর্তৃক আপীল না করা এবং রায়ের প্রত্যায়িত অনুলিপি কমিশন কর্তৃক সংগ্রহের বিষয়ে একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:**<br>(ক) মাননীয় হাইকোর্টের আদেশ এবং দেশে সরকার এলএনজি আমদানির প্রেক্ষাপটে প্রাকৃতিক গ্যাসের ওপর মুসক ব্যতিত সকল শুল্ক ও কর মওকুপের বিষয়ে সকরকার কর্তৃক গৃহিত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে এ বিষয়ে সত্বর এসআরও জারী এবং উক্ত শুল্ক ও কর মওকুফের পূর্ববর্তী সময়ের IOC গ্যাসের ওপর প্রযোজ্য সম্পূরক শুল্ক মওকুফের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড | সচিব, পরিচালক (গ্যাস) |

| | | |
|---|---|---|
| | বরাবর পত্র প্রেরণ করতে হবে;<br><br>(খ) গ্যাসের অপচয় রোধকল্পে গৃহস্থালী ভোক্তাশ্রেণির জন্য প্রি-পেইড মিটারভিত্তিক বিলিং ব্যবস্থা চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে মাননীয় হাইকোর্টের আদেশ পেট্রোবাংলা, গ্যাস বিতরণ কোম্পানী এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-কে অবহিতকরণসহ যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে; এবং<br><br>(গ) মাননীয় হাইকোর্টের আদেশ ইতোমধ্যে কমিশন কর্তৃক বাস্তবায়ন করায় উক্ত আদেশের বিরুদ্ধে আপীল দায়ের না করার সিদ্ধান্ত গৃহিত হয়। রেকর্ডের জন্য আদেশের প্রত্যায়িত অনুলিপি সংগ্রহের প্রস্তাব অনুমোদন করা হয়। | |
| ১৬১/২০ | **আলোচ্য বিষয়:** অভিন্ন হিসাব পদ্ধতি বাস্তবায়ন সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, বিইআরসি আইন, ২০০৩ এর ধারা ২২(ছ) মোতাবেক সকল লাইসেন্সীর জন্য অভিন্ন হিসাব পদ্ধতি নির্ধারণ কমিশনের অন্যতম একটি দায়িত্ব। ট্যারিফ নির্ধারণের ক্ষেত্রে সকল লাইসেন্সীর আয়-ব্যয় একই মানদণ্ডে তুলনা এবং ব্যয় যৌক্তিকীকরণের ক্ষেত্রে tools হিসাবে অভিন্ন হিসাব পদ্ধতি অতীব গুরুত্বপূর্ণ। এ বিবেচনায় কমিশন বিদ্যুৎ এবং গ্যাস লাইসেন্সীসমূহের জন্য অভিন্ন হিসাব পদ্ধতি প্রণয়ন এবং বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করে। এরই ধারাবাহিকতায় বিদ্যুৎ লাইসেন্সীসমূহের সাথে আলোচনাপূর্বক কমিশন কর্তৃক "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন অভিন্ন হিসাব পদ্ধতি (বিদ্যুৎ), প্রবিধানমালা, ২০১৪" প্রস্তুত করা হয় এবং উক্ত অভিন্ন হিসাব পদ্ধতি চালুকরণের/অনুসরণের জন্য ৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে সকল বিদ্যুৎ লাইসেন্সীকে নির্দেশনা প্রদান করা হয়। এ প্রেক্ষাপটে বিদ্যুৎ লাইসেন্সীসমূহ অভিন্ন হিসাব পদ্ধতিতে Financial Statement এর Uniform Standard Format অন্তর্ভুক্তকরণ; অভিন্ন হিসাব পদ্ধতি বাস্তবায়নে বিইআরসি এর তত্বাবধানে অভিন্ন সফ্টওয়ার প্রণয়ন এবং অর্থ মন্ত্রণালয়ের মনিটরিং সেল কর্তৃক অনুমোদিত বাজেট এর খাত এবং উপ-খাতসমূহ মেইন কোড বা সাব-কোড হিসাবে ব্যয় সংশ্লিষ্ট হিসাবসমূহে অন্তর্ভুক্তকরণের সুপারিশ করে।<br><br>অভিন্ন হিসাব পদ্ধতি বাস্তবায়নের প্রয়োজনীয় সফট্ওয়্যার প্রস্তুতের নিমিত্ত EOI আহ্বানের জন্য ১২৬তম কমিশন সভায় গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষাপটে কমিশনের অর্থায়নে বিদ্যুৎ লাইসেন্সীসমূহের জন্য ওয়েব বেজড অভিন্ন সফট্ওয়্যার প্রস্তুতের নিমিত্ত খসড়া EOI এবং TOR প্রস্তুত করা হয়। অভিন্ন সফট্ওয়্যার ডেভলপমেন্ট এবং বাস্তবায়নের জন্য ২০১৭-১৮ অর্থবছরের বাজেটে কম্পিউটার সফট্ওয়্যার খাতে ৩৫ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায় (ই-ডকেটিং এর জন্য ব্যয় প্রায় ১১ লক্ষ টাকাসহ)।<br><br>গ্যাস সেক্টরের লাইসেন্সীসমূহের জন্য অভিন্ন হিসাব পদ্ধতি বাস্তবায়নের নিমিত্ত "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন অভিন্ন হিসাব পদ্ধতি (গ্যাস), প্রবিধানমালা, ২০১৭" প্রস্তুতের কাজ পুনরায় শুরু হয়েছে। এ পর্যায়ে কোম্পানীসমূহের নিকট হতে তাদের ব্যবহৃত হিসাব কোড, সংশ্লিষ্ট অন্যান্য তথ্যাদি এবং তাদের মতামত সংগ্রহ করে অভিন্ন হিসাব পদ্ধতির প্রথম ধাপ হিসাবে কোডের ভিন্নতা দূর করে একটি অভিন্ন হিসাব কোডের খসড়া চূড়ান্ত করা হয়েছে। পূর্ণাঙ্গ "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন অভিন্ন হিসাব পদ্ধতি (গ্যাস), প্রবিধানমালা এর খসড়া প্রণয়নের লক্ষ্যে এ পর্যায়ে গ্যাস সেক্টরের জন্য Uniform System of Accounts Manual প্রস্তুতের কাজ শুরু করা হয়েছে।<br><br>আলোচনান্তে কমিশনে যোগদানকৃত ফাইন্যান্সিয়াল এনালিস্ট এর সহায়তায় দ্রুত গ্যাস লাইসেন্সীসমূহের জন্য "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন অভিন্ন হিসাব পদ্ধতি (গ্যাস), প্রবিধানমালা" এর খসড়া প্রস্তুতকরণ এবং বিদ্যুৎ লাইসেন্সীসমূহের সুপারিশ অন্তর্ভুক্ত করে "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন অভিন্ন হিসাব পদ্ধতি (বিদ্যুৎ), প্রবিধানমালা" এর খসড়া চূড়ান্তকরণের বিষয়ে একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:**<br>(ক) গ্যাস লাইসেন্সীসমূহের জন্য "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন অভিন্ন হিসাব পদ্ধতি (গ্যাস), প্রবিধানমালা" এর খসড়া প্রস্তুতের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;<br><br>(খ) বিদ্যুৎ লাইসেন্সীসমূহের জন্য "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন অভিন্ন হিসাব পদ্ধতি (বিদ্যুৎ), প্রবিধানমালা" এর খসড়া চূড়ান্তকরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (অর্থ ও হিসাব), পরিচালক (গ্যাস), পরিচালক (বিদ্যুৎ) |
| ১৬১/২১ | **আলোচ্য বিষয়:** কমিশনের সদস্য জনাব রহমান মুরশেদ-কে দ্বিতীয় মেয়াদে নিয়োগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ সম্পর্কে।<br><br>আলোচনা: সভায় জানানো হয় যে, জনাব রহমান মুরশেদ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন নং-২৮. ০১৩. ০১১.০২. ০০. ০৩৪.২০১০.৩৫৫, তারিখ: ৩০ অক্টোবর ২০১৪ মূলে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনে সদস্য হিসেবে ৩(তিন) বছরের জন্য নিয়োগ প্রাপ্ত হন। তদানুযায়ী তিনি গত ১৬ নভেম্বর ২০১৪ তারিখে কমিশনে সদস্য | |

হিসেবে যোগদান করেন এবং আগামী ১৫ নভেম্বর ২০১৭ তারিখ তাঁর চলতি মেয়াদ পূর্ণ হবে।

জনাব রহমান মুরশেদ সদস্য হিসেবে কমিশনে সততা, নিষ্ঠা, দক্ষতা এবং আন্তরিকতার সাথে তাঁর ওপর অর্পিত দায়িত্ব পালন করছেন। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) হতে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি হতে এনার্জি টেকনোলজিতে মাস্টার অব ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জন করেন। কমিশনে বর্তমান চেয়ারম্যান ও ৩ জন সদস্য গত ফেব্রুয়ারি ২০১৭ তারিখে যোগদান করেছেন। ফলে এ মূহূর্তে তাঁর প্রাতিষ্ঠানিক ও পেশাগত জ্ঞান ও দক্ষতা নতুন কমিশনের দায়িত্ব পালনে অত্যন্ত সহায়ক ভূমিকা পালন করবে।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন ২০০৩ এর ৮ ধারায় কমিশনের একজন সদস্যকে তাঁর কার্যভার গ্রহণের তারিখ হতে পরবর্তী মেয়াদে অর্থাৎ দ্বিতীয় মেয়াদে পুনর্নিয়োগের বিধান রয়েছে।

কমিশনের কাজের স্বার্থে জনাব রহমান মুরশেদকে আগামী ১৫ নভেম্বর ২০১৭ তারিখ হতে পরবর্তী ৩ বছর অর্থাৎ দ্বিতীয় মেয়াদে পুনর্নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:** কমিশনের কাজের স্বার্থে জনাব রহমান মুরশেদকে আগামী ১৬ নভেম্বর ২০১৭ তারিখ হতে পরবর্তী ৩ বছর অর্থাৎ দ্বিতীয় মেয়াদে পুনর্নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।। সচিব

১৬১/২২ **আলোচ্য বিষয়:** বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের জন্য অফিস ফ্লোর/স্পেস ক্রয় সম্পর্কে।

**আলোচনা:** সভায় জানানো হয় যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন ২০০৩ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর এপ্রিল ২০০৪ সালে সোনারগাঁও রোডের এ্যাংকর টাওয়ারে একটি ফ্লোর ভাড়া নিয়ে প্রথম কার্যক্রম শুরু করে। পরবর্তীতে ২০০৮ সালে টিসিবি ভবনের ৪র্থ তলায় ১৬,৮৫৮ বর্গফুট আয়তনের স্পেস ভাড়া করে অফিস স্থানান্তর করা হয়।

১৯৮৪ সালে নির্মিত কারওয়ান বাজারস্থ টিসিবি ভবনে ভাড়ায় অফিস পরিচালনায় বিভিন্ন সমস্যা হচ্ছে, যার মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি নিম্নরূপ:

ক. কমিশনের জনবল বৃদ্ধি পাওয়ায় স্থান সংকুলানের সমস্যা হচ্ছে;

খ. সুয়ারেজ, পানি, বিদ্যুৎ ও লিফট ব্যবস্থাপনার মান দিন দিন খারাপ হচ্ছে। টিসিবি কর্তৃপক্ষকে অবহিত করলেও সময়মত যথাযথ সমাধান পাওয়া যায় না। কমিশন হতে এ সংক্রান্ত মেরামত ব্যয় ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে;

গ. ভবনটির নিকটে কারওয়ান বাজারের একটি বড় মাছের আড়ৎ ও কাচা শাক-সবজির বাজার হওয়ায় অফিসের চার দিকের পরিবেশ সবসময় দুর্গন্ধময় ও নোংরা থাকে, এতে অফিসের পরিবেশ অস্বাস্থ্যকর হয়ে যাচ্ছে।

ঘ.পানি নিষ্কাষন ব্যবস্থার সমস্যার কারণে সামান্য বৃষ্টিতেই ভবনের চার দিকে জলাবদ্ধতার সৃষ্টি হয়। এতে অফিসে যাতায়াত ও গাড়ী পার্কিং এর দুর্ভোগের সৃস্টি হচ্ছে;

ঙ. পুরাতন ভবন হওয়ায় আশে-পাশের রাস্তায় চলাচলকারী যানবাহনের কারণে প্রচন্ড শব্দদূষণ হয়;

চ. টিসিবি কর্তৃক প্রতিবছর ভাড়া বৃদ্ধির কারণে এ খাতে ব্যয় বৃদ্ধি পাচ্ছে।

আগামী ৫(পাঁচ) বছরে ভাড়া বাবদ ব্যয়ের (টাকায়) বিবরণ নিম্নরূপ:

| ভাড়াকৃত জায়গার পরিমাণ (বর্গফুট) | ভাড়ার হার (প্রতি বর্গফুট) | মাসিক ভাড়ার পরিমাণ | গাড়ী পার্কিং এর সংখ্যা | পার্কিং প্রতি ভাড়ার হার | গাড়ী পার্কিং বাবদ মাসিক ভাড়া | মাসিক মোট ব্যয় (১৫% ভ্যাটসহ) | বাৎসরিক মোট ব্যয় | ৫ বছরের ব্যয় (বর্তমান হারে) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১৬,৮৫৮ | ৬০ | ১০,১১,৪৮০ | ১৪ | ৪,৫০০ | ৬৩,০০০ | ১২,৩৫,৬৫২ | ১,৪৮,২৭,৮২৪ | ৭,৪১,৩৯,১২০ |

| | | |
|---|---|---|
| | কমিশনের অনুকূলে সরকার কর্তৃক বরাদ্দকৃত শের-ই-বাংলা নগর, আগারগাঁও প্রশাসনিক এলাকার জায়গায় ভবন নির্মাণ সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে, তবে নিজস্ব ভবন করে অফিস স্থানান্তর করতে আনুমানিক ৫-৬ বছরের অধিক সময়ের প্রয়োজন হতে পারে।<br><br>প্রয়োজনীয় স্থান সংকুলান ও অফিসের কর্মপরিবেশের উন্নয়নের জন্য অফিস ফ্লোর/স্পেস ক্রয় করে দ্রুত অফিস স্থানান্তর করা প্রয়োজন। কারওয়ান বাজার এলাকার মাছের আড়ৎ ও কাচা শাক-সবজির বাজার হতে দূরে নতুন নির্মিত কোন ভবনে চাহিদা অনুযায়ী এক বা একাধিক ফ্লোরে প্রয়োজনীয় স্পেস ক্রয় করা যেতে পারে।<br>এ বিষয়ে যোগাযোগ করে জানা যায়, প্রতি বর্গফুট ১৭,০০০-১৯,০০০ টাকা হিসেবে প্রায় ২৪,০০০ বর্গফুট স্পেস ক্রয় করতে আনুমানিক ৩৪-৩৮ কোটি টাকা প্রয়োজন হতে পারে। যা ভাড়া বাবদ প্রদেয় আনুমানিক ১৪/১৫ বছরের ব্যয়ের সমান।<br><br>দ্রুত অফিস ফ্লোর/স্পেস ক্রয়পূর্বক অফিস স্থানান্তর করলে যেসব সুবিধা হবে:<br>ক. প্রয়োজনীয় জনবলের স্থান সংকুলান সম্ভব হবে;<br>খ. অফিসের কর্ম পরিবেশ উন্নত ও স্বাস্থ্যসম্মত হবে;<br>গ. ভাড়া বাবদ কোন ব্যয় হবে না তাই অর্থবছরভিত্তিক ব্যয় হ্রাস পাবে;<br>ঘ. কমিশনের স্থায়ী সম্পত্তির সৃষ্টি হবে;<br>ঙ. দীর্ঘ মেয়াদে কমিশনের আর্থিক সাশ্রয় হবে;<br>ছ. ভবিষ্যতে কমিশনের আয়ের উৎস হবে।<br><br>কারওয়ান বাজারস্থ সার্ক ফোয়ারার নিকটবর্তী এলাকায় আনুমানিক (+)(-) ২৪,০০০ বর্গফুট স্পেস ক্রয়ের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে নীতিগত সম্মতি গ্রহণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** কারওয়ান বাজারস্থ সার্ক ফোয়ারার নিকটবর্তী এলাকায় আনুমানিক (+)(-) ২৪,০০০ বর্গফুট স্পেস ক্রয়ের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নীতিগত সম্মতি গ্রহণের লক্ষ্যে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সচিব |

৩। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মিজানুর রহমান)
সদস্য

(মোঃ আবদুল আজিজ খান)
সদস্য

(মাহমুদউল হক ভূইয়া)
সদস্য

(রহমান মুরশেদ)
সদস্য

(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান